

**আগরতলা সিভিল হাসপাতাল আগামী
মাসেই চালু করার উদ্যোগ নেওয়া হবে**

রাজ্যের স্বাস্থ্য পরিকাঠামোর বর্তমান সার্বিক অবস্থা নিয়ে স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে আজ এক সাংবাদিক সম্মেলনে মিলিত হন। সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে স্বাস্থ্য সচিব জানান, আজ মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা সিপাহীজলা জেলা হাসপাতালের নতুন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। প্রায় ১৪ একর জায়গা জুড়ে ৪৬ কোটি টাকা ব্যয় করে এই হাসপাতাল নির্মাণ করা হবে। সিপাহীজলা জেলা গঠন হওয়ার ১৫ বছর পর জেলা হাসপাতালের নতুন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে বলে স্বাস্থ্য সচিব সাংবাদিক সম্মেলনে বলেন। তিনি আরও বলেন, জিরানীয়া, মোহনপুর, জম্পুইজলা মহকুমা হাসপাতাল এবং গোমতী জেলা হাসপাতালের পরিকাঠামো উন্নয়ন করা হচ্ছে। উত্তর ত্রিপুরা জেলার জেলা হাসপাতাল ধর্মনগরে নির্মাণ করার জন্য ইতিমধ্যেই উদ্যোগ নেওয়া হয়েছে।

সাংবাদিক সম্মেলনে স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে বলেন, সম্প্রতি ২১৪ জন ডাক্তার নিয়োগ করা হয়েছে। এর মধ্যে ১৬০ জন চাকুরিতে যোগ দিয়েছেন। বাকিরা বিভিন্ন কারণে যোগ না দেওয়ায় ওয়েটিং লিস্ট থেকে আরও ৪০ জনকে আগামী দিনে নিয়োগ করার প্রক্রিয়া শুরু করা হচ্ছে। এছাড়া আরও ডাক্তার নিয়োগের জন্য অর্থদপ্তর থেকে ইতিমধ্যে অনুমোদন পাওয়া গেছে। স্বাস্থ্য সচিব বলেন, স্বাস্থ্য পরিকাঠামো, পরিষেবা এবং স্বাস্থ্য দপ্তরের মানব সম্পদ বিকাশে বর্তমান রাজ্য সরকার প্রথম থেকেই কাজ করে চলছে। এছাড়াও সাংবাদিক সম্মেলনে তিনি রাজ্যের স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নে গৃহীত বিভিন্ন কর্মসূচির সম্পর্কে অবহিত করেন। তিনি বলেন, রেকর্ড অনুযায়ী বর্তমানে রাজ্য থেকে রেফারেল রোগীর সংখ্যা প্রায় ৮০ শতাংশ হ্রাস পেয়েছে। বর্তমানে জিবিপি হাসপাতাল ও এজিএমসি-তে রেডিওলজিস্টের সংখ্যা কম রয়েছে। সেজন্য টেলি-রেডিওলজির ব্যবস্থা চালু করার উদ্যোগ নেওয়া হয়েছে। আগরতলার জেকসন গেট সংলগ্ন আগরতলা সিভিল হাসপাতাল নির্মাণের কাজ শেষ হয়ে গেছে। আগামী মাসেই তা চালু করার উদ্যোগ নেওয়া হবে। এতে দুটি শিফটে রোগীদের পরিষেবা দেওয়া হবে। আগামীদিনে জিবিপি হাসপাতাল এবং আই জি এম হাসপাতালে কিছু বিশেষ বিশেষ ক্ষেত্রে দুটি শিফটে পরিষেবা দেওয়ার উদ্যোগ নেওয়া হচ্ছে বলেও স্বাস্থ্য সচিব সাংবাদিক সম্মেলনে জানান।

সাংবাদিক সম্মেলনে রাজ্যের টিবি রোগের বর্তমান অবস্থা নিয়ে বলতে গিয়ে এন এইচ এম-এর অধিকর্তা সাজু বাহিদ বলেন, এই রোগ নির্মূলীকরণে রাজ্য সঠিক পথে এগিয়ে চলছে। এছাড়াও তিনি টিবি রোগের নির্মূলীকরণে গৃহীত বিভিন্ন পদক্ষেপ নিয়ে সাংবাদিক সম্মেলনে বিস্তারিত অবগত করেন। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা ডা. দেবশ্রী দেববর্মা এবং জিবিপি হাসপাতালের মেডিকেল সুপারিনটেন্ডেন্ট ডা. বিধান গোস্বামী।